গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-কুমিল্লা
কর ভবন, নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লা
Website : www.taxeszonecumilla.gov.bd
e-mail : tzcomilla@yahoo.com

নথি নং-কঃঅঃকুঃ/নিয়োগ/২০২৩-২০২৪/ তারিখ ঃ ১০.০৮.২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কর অঞ্চল-কুমিল্লা'র শূন্য পদে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে চট্টগ্রাম বিভাগের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (**http://tzc.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৩<br>টাকা : ১১,০০০-২৬,৫৯০ | ২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সাঁটলিপিতে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ হতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | খাগড়াছড়ি ও কুমিল্লা জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ২ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাকা : ১০,২০০-২৪,৬৮০ | ৬ (ছয়) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। | |
| ৩ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাকা : ১০,২০০-২৪,৬৮০ | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ হতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | |
| ৪ | ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাকা : ৯,৩০০-২২,৪৯০ | ৭ (সাত) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে বাংলা-২০ ও ইংরেজি-২০ শব্দ। | |
| ৫ | গাড়ি চালক<br>গ্রেড-১৬<br>টাকা : ৯,৩০০-২২,৪৯০ | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা/ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার পাবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>টাকা : ৮,২৫০-২০,০১০ | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর ও ফেনী জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ৭ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাকা : ৮,২৫০-২০,০১০ | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

<u>অন্যান্য শর্তাবলী</u> ঃ

১. ০৭.০৯.২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বছর। ক্রমিক নং ৩ ও ৪ এ উল্লিখিত পদের বিপরীতে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন।

৩. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

ক. আবেদন করতে ইচ্ছুক ব্যক্তি (http://tzc.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপ :

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৭.০৮.২০২৩খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৭.০৯.২০২৩খ্রি., বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পুরণকৃত সকল তথ্য সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ

(i) Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ii) Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৫ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশ টাকা); টেলিটকের সার্ভিস চাজ বাবদ ২৩/- (তেইশ টাকা) সহ (অফেরযোগ্য) মোট ২২৩/- (দুইশ তেইশ টাকা) এবং ৬-৭ নং ক্রমিকের জন্য ১০০/- (একশ টাকা); টেলিটকের ১২/- (বার টাকা) সহ (অফেরযোগ্য) মোট ১১২/- (একশ বার টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

(iii) এখানে বিশেষ ভাবে উল্লেখ যে, <u>"Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষায় ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"</u>।

(iv) প্রথম SMS: **TZC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: TZC ABCDEF

Reply : Aplicant's Name, Tk-223/112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type TZC<space>YES<space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: **TZC**<space>**YES**<space>**PIN** and send করতে হবে 16222 নম্বরে।

Example: **TZC YES 12345678**

Reply : Congratulations Aplicant's Name. Payment Completed Successfull for TZC Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)।

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি (http://tzc.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। প্রবেশপত্র ডাউনলোড করার বিষয়ে আবেদনকারীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে: TZC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: TZC Help User ABCDEF.

(ii) **PIN Number জানা থাকলে: TZC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.

Example: TZC Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল-কুমিল্লা কর ভবন, নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লা এর Website : www.taxeszonecumilla.gov.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/tzc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxeszonecumilla.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও **alljobs.query@teletalk.com.bd** এবং **tzcomilla@yahoo.com** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **TZC**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ এবং আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৬. প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে ঝ) পর্যন্ত কাগজপত্রে মূলকপি প্রদর্শন পূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিন ছবিসহ প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা/সনদপত্র)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র-কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. গাড়ি চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

জ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্র (Admit Card)।

৭. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৮. "কম্পিউটার বেসিক ট্রেনিং" অর্থ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে Word processing, Software, Hardware, Internet Browsing, Upload, Download, File, Folder ও কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স।

৯. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্য রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি বিধান প্রযোজ্য হবে।
১০. সার্টিফিকেট, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-কুমিল্লার www.taxeszonecumilla.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
১২. শুধুমাত্র লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।
১৩. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪. নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/=
(মোঃ শরিফুল ইসলাম)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-কুমিল্লা